

হল উদ্ধার করা শিক্ষক শিক্ষার্থীদের কাজ নয় : জবি উপাচার্য

■ জবি সুবাদদাতা
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য
অধ্যাপক ড. মীজানুর রহমান
বলেছেন: ছাত্রছাত্রীদের হল ও
শিক্ষকদের আবাসনের দাবি অত্যন্ত
যৌক্তিক তবে হল উদ্ধার করা
বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী ও
শিক্ষকদের কাজ নয়। হল উদ্ধারে
সরকারের সার্বিক সহযোগিতার
আবশ্য পাওয়া গেছে। গড়কাল
সোমবার বিশ্ববিদ্যালয়ের
একাডেমিক ভবনের উর্ধ্বমুখী
সম্প্রসারণ কাজ উদ্বোধন অনুষ্ঠানে
তিনি এসব কথা বলেন।

এদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের
বেদখল হওয়া ১০টি হল উদ্ধার,
নতুন হল নির্মাণ ও পুলিশের দুই
কর্মকর্তার অপসারণ দাবিতে
শিক্ষকদের কর্মবিরতি স্থগিত করা
হয়েছে। গড়কাল সোমবার
বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির
স্বাধীন সভায় এ সিদ্ধান্ত নেওয়া
হয়। তবে দাবি আদায়ে আজ
ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ
করবেন শিক্ষকরা। এদিকে হল
উদ্ধারে কমিটির সদস্যরা আজ
বিশ্ববিদ্যালয় পৃষ্ঠা ১৫ : কলাম ৮

হল উদ্ধার করা শিক্ষক

[তৃতীয় পৃষ্ঠার পর]

প্রশাসন ও হল উদ্ধার সংগ্রাম
পরিষদের নেতৃবৃন্দের সঙ্গে বৈঠকে
বসবেন। বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতির সভাপতি অধ্যাপক ড.
সরকার আলী আকিকাস
সমকালকে জানান, হল উদ্ধার
কমিটি ৩০ কর্মদিবসের মধ্যে
তাদের রিপোর্ট প্রদান করবে।
শিক্ষার্থীদের তথা চিন্তা করেই সে
পর্যন্ত কর্মবিরতি স্থগিত করা
হয়েছে।

একাডেমিক ভবনের উর্ধ্বমুখী
কাজ শুরু : গড়কাল সোমবার
সকাল সাড়ে ১১টায়
বিশ্ববিদ্যালয়ের একাডেমিক
ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের
কাজ উদ্বোধন করেন উপাচার্য
অধ্যাপক ড. মীজানুর রহমান।

অনুষ্ঠানে অধ্যাপক মো. সেলিম
জুইয়া, অধ্যাপক ড. সরকার আলী
আকিকাস, অধ্যাপক ড. পরিমল
বালা, অধ্যাপক ড. মো. সেলিম,
অধ্যাপক ড. ইরইছ উদ্দিন প্রমুখ
বক্তব্য রাখেন।